

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

নং. ১৩/০৩/২০০৮ খ্রিষ্টাব্দ

তারিখ : -----

নং. ১১/১৪১৪ বঙ্গাব্দ

এস, আর, ও নং- ৫৮ - আইন/২০০৮/২১৮১/শুল্ক ।- জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, Customs Act, 1969 (IV of 1969) এর section 19 (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং Rental Power Company এর সহিত সম্পাদিত চুক্তির আওতায় বেসরকারীভাবে বিদ্যুৎ উৎপাদনের নিমিত্ত Rental Power Company কর্তৃক অস্থায়ীভাবে আমদানিকৃত বিদ্যুৎ উৎপাদন প্লাট বা ইকুইপমেন্টকে, নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে, উহাদের উপর আরোপনীয় সমূদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও এডভাসড ট্রেড ভ্যাট হইতে অব্যাহতি প্রদান করিল :

শর্ত

- ১। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক Rental Payment এর প্রতিটি বিলের পরিমাণকে কর ভিত্তি (Tax Base) বিবেচনা করিয়া উহার উপর ২.৫% হারে আমদানি শুল্ক পরিশোধ করিতে হইবে। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড উক্ত আমদানি শুল্ক সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক স্টেশনে জমা প্রদান নিশ্চিত করিবে;
- ২। উক্ত প্লাট/ ইকুইপমেন্টসমূহ সাময়িক ভিত্তিতে ০৩(তিনি) বছরের জন্য আমদানিকৃত হইবে;
- ৩। আমদানিকারক এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (অন্যন যুগ্ম সচিব পদ মর্যাদার কর্মকর্তা) এই মর্মে যৌথ অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক স্টেশনে দাখিল করিবে যে, ৩ বছর পর উক্ত বিদ্যুৎ উৎপাদন প্লাট বা ইকুইপমেন্টসমূহ পুনঃরঙ্গানি করা হইবে এবং এর অন্যথা হইলে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত যে কোন সিদ্ধান্ত তাহারা মানিয়া নিতে বাধ্য থাকিবেন ; এবং
- ৪। বিদ্যুৎ বিভাগ এর অন্যন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা, অঙ্গীকারী প্রত্যয়নকারী কর্তৃপক্ষ বলিয়া অভিহিত, কর্তৃক স্বাক্ষরিত চালানওয়ারী একটি প্রত্যয়নপত্র "পরিশিষ্ট-ক" এ বিধৃত ছকে আমদানিকৃত বিদ্যুৎ উৎপাদন প্লাট বা ইকুইপমেন্ট খালাসের সময় সংশ্লিষ্ট শুল্ক টেশনে দাখিল করিতে হইবে।

প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স বেসরকারীভাবে বিদ্যুৎ উৎপাদনের জন্য বাংলাদেশ সরকারের সাথে চুক্তিবদ্ধ একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তাদের বিদ্যুৎ উৎপাদন প্লান্ট বিদেশ থেকে বাংলাদেশে আনয়ন পূর্বক উৎপাদিত বিদ্যুৎ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর নিকট বিক্রয় করিবে।
উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং তারিখ, বিল অব ল্যাভিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং , তারিখ(প্রতিষ্ঠানকরিত) -এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত প্লান্ট/ইকুইপমেন্ট বিদ্যুৎ উৎপাদন কার্যে ব্যবহৃত হইবে।

প্রত্যয়নকারী কর্তৃপক্ষ

বাক্ষর :

নাম :

পদবী :

মীল :

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[আ, মু, মসরুর আহমেদ]

অতিরিক্ত সচিব (পদাধিকার বলে)

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।